মাদারীপুরে অসহায় মানুষের মাঝে গ্রামীন ব্যাংকের ২০ হাজার গাছের চারা বিতরন

মাদারীপুর প্রতিনিধি: গাছে গাছে ভরবো দেশ,আসবে দেশে সবুজ ছায়ার পরিবেশ” এ শ্লোগানকে সামনে রেখে শুক্রবার (৫ জুলাই) সকালে মাদারীপুর জেলার কালকিনি উপজেলার সাহেবরামপুর গ্রামীন ব্যাংক শাখা কার্যালয় চত্বর থেকে অসহায় মানুষের মাঝে ২০ হাজার ফলজ,বনজ ও ঔষধি গাছের চারা বিতরণ করা হয়।
জানা যায় গ্রামীন ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যানের উদ্যোগে সারা দেশব্যাপী ৩০ কোটি গাছের চারা বিতরনের কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।
এরেই অংশ হিসেবে কালকিনি উপজেলার সাহেবরামপুর গ্রামীণ ব্যাংক শাখার উদ্যেগে ২০ হাজার পরিবারের মাঝে ফলজ,বনজ ও ঔষুধী গাছের চারা বিতরন করা হয়েছে। এ কর্মসূচীর সভাপতিত্ব করেন, মাদারীপুর জেলা গ্রামীন ব্যাংকের জেনারেল ম্যানেজার মোঃ আবদুল মান্নান। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও ইউপি সদস্যবৃন্দ। এছাড়াও উপস্থিত ছিলেন, গ্রামীণ ব্যাংকের মাদারীপুর জোনের জোনাল অডিট অফিসার মোঃ নাজিমুল ইসলাম, মাদারীপুর জেলা এরিয়া ম্যানেজার মোঃ আবদুর রহিম, সাহেবরামপুর শাখার ব্যবস্থাপক মোঃ ওবায়দুল্লাহ সহ উক্ত শাখার সকল সহকর্মী বৃন্দ।